



কাটিরহাট মহিলা ডিগ্রি কলেজ

কাটিরহাট, হাটহাজারী, চট্টগ্রাম

উপবৃত্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণি

শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

এতদ্বারা কলেজের একাদশ শ্রেণিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অধ্যয়নরত সকল ছাত্রীকে জানানো যাচ্ছে যে, উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের জন্য ছাত্রী বাছাইয়ের লক্ষ্যে আবেদন গ্রহণ করা হচ্ছে।

❖ আবেদনকারীর যোগ্যতা:

- এসএসসি পরীক্ষায় কমপক্ষে জিপিএ ২.০০ পেয়ে উত্তীর্ণ।
- উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ৭৫% ক্লাসের নিশ্চয়তা এবং অবিবাহিত থাকা।

উক্ত যোগ্যতাধারী আগ্রহী শিক্ষার্থীরা আগামী ১০/০২/২০২৫খ্রি. হতে কলেজের যাবতীয় প্রাপ্য পরিশোধ করে ব্যাংক রশিদ প্রদর্শনপূর্বক কলেজ অফিস থেকে উপবৃত্তির প্রাথমিক আবেদন ফরম ও অভিভাবকের অঙ্গীকারনামা সংগ্রহ করতে হবে।

ফরম গ্রহণ ও জমাদানের তারিখ ও সময়:

১০/০২/২০২৫ হতে ১৭/০২/২০২৫খ্রি: পর্যন্ত (ছুটির দিন ব্যতীত প্রতিদিন দুপুর ১.০০টা হতে ৩.০০ টা)

মানবিক শাখার (রোল: ১০১ হতে ২০০ পর্যন্ত) শিক্ষার্থীরা অধ্যাপক মুহাম্মদ সেলিম উদ্দিন

মানবিক শাখার (রোল: ২০১ হতে ৩০০ পর্যন্ত) এবং বিজ্ঞান ও ব্যব: শিক্ষা শাখার সকল শিক্ষার্থীরা অধ্যাপক মুহাম্মদ নাছির উল্লাহ

মানবিক শাখার (রোল: ৩০১ হতে ৫০৮ পর্যন্ত) শিক্ষার্থীরা অধ্যাপক ফয়সাল আন-নিজামী এর নিকট জমা দিবে।

বিঃদ্র: প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, মুক্তিযোদ্ধার প্রজন্ম, নদী ভাঙ্গন কবলিত অসহায়-দুঃস্থ, ভ্যান-রিম্বা-সিএনজি চালক, দিনমজুর, দরিদ্র কৃষক ও শ্রমিক পরিবারের সন্তানদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রাথমিক আবেদনের পর যারা নির্বাচিত হবে।

যোগাযোগ (উপবৃত্তি কমিটি)

- অধ্যাপক মোহাম্মদ সেলিম উদ্দিন- ০১৭১২০৭২৫৩৭
- অধ্যাপক মুহাম্মদ নাছির উল্লাহ- ০১৮১৯-৬৯০৮৬৭
- অধ্যাপক ফয়সাল আন-নিজামী- ০১৮১২-৫৩৫১০৫

কল্যান নাথ
অধ্যক্ষ

কাটিরহাট মহিলা ডিগ্রি কলেজ
কাটিরহাট, হাটহাজারী, চট্টগ্রাম।

উপবৃত্তির প্রাথমিক আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

- শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম (তথ্যাদি প্রতিষ্ঠানিক পর্যায়ের কমিটি যাচাই-বাছাইঅন্তে HSP-MIS এন্ট্রি করবে);
- শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা) ;
- এসএসসি পাশের ট্রান্সক্রিপ্টের ফটোকপি;
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পিতা/মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পিতা/মাতা/অভিভাবকের নিজ নাম দিয়ে নিবন্ধিত সিম দিয়ে খোলা নগদ একাউন্ট নম্বর;
- অভিভাবকের পেশার সনদ;
- পারিবারিক আয়ের উৎস, জমির পরিমাণ এবং পারিবারিক অসচ্ছলতা সম্পর্কে চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র ।
- শিক্ষার্থীকে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পর্যন্ত বিবাহ না দেওয়ার অঙ্গিকারপত্র (অভিভাবক কর্তৃক ১০ টাকার স্ট্যাম্পের উপর স্বাক্ষরিত);
- শিক্ষার্থী মুক্তিযোদ্ধার প্রজন্ম/প্রতিবন্ধী/জন্মগতভাবে দীর্ঘমেয়াদি রোগে আক্রান্ত হলে প্রত্যেকটির আলাদা আলাদা প্রমাণপত্র জমা দিতে হবে ।

নির্দেশনা:

- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে । অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে । পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;
- একই নগদ একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না;
- সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে ।
- উপবৃত্তির জন্য আবেদন করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না । আবেদনকারীর তথ্যাদি সফটওয়্যারের মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয় ।